

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

উন্নয়ন-১ শাখা

পরিবহন পুল ভবন

সচিবালয় লিংক রোড, ঢাকা

[www.mowca.gov.bd](http://www.mowca.gov.bd)

নং-৩২-০০.০০০০.০৫৬.১১.০০৫.২০-৩২৬

তারিখঃ ৩০/১২/২০২১খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত “২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন” প্রকল্পের নিম্নবর্ণিত শূন্য পদে প্রকল্প মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম, গ্রেড ও সাকুল্য বৈতন	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা
১।	ডে-কেয়ার অফিসার গ্রেড-১০ সাকুল্য বৈতন টা=২৭,১০০/-	১(এক)	অনুর্ধ্ব-৩০ (ত্রিশ) বছর	ক) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম ২য় শ্রেণীর মাস্টার্স পাস হতে হবে। খ) মহিলা বিষয়ক অধিদপ্তরের কোন চলমান শিশু দিবাযত্ন কর্মসূচী প্রকল্পে কর্মরত অথবা অনুরূপ কোন সমান্ত প্রকল্পে কাজ করেছেন তেমন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। গ) কেবলমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

### শর্তাবলী

- নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.mowca.gov.bd](http://www.mowca.gov.bd)) এ আবেদন ফরম পাওয়া যাবে। আবেদনকারীকে ওয়েবসাইট হতে নিম্নোক্ত আবেদনপত্রের ছক A4 সাইজ কাগজে প্রিন্ট করে খালি ঘর গুলো স্বহস্তে/টাইপ করে পূরণ করতে হবে। আগামী ২০/০১/২০২২খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র ডাকযোগে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (কক্ষ নং-৮১১), বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০ এই ঠিকানায় আবেদনপত্র পৌঁছাতে হবে।
- প্রার্থীর বয়সসীমাঃ ২০/০১/২০২২ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ্ব-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীদের বয়স বিবেচনার ক্ষেত্রে এসএসসি/সমমানের সনদ বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- প্রার্থীদের আবেদনপত্রের সাথে কোন প্রকার ট্রেজারী চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার প্রয়োজ্য হবে না।
- নিম্নবর্ণিত কাগজপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবেঃ  
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি;  
(খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;  
(গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;  
(ঘ) সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;  
(ঙ) পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্বের সনদপত্র;  
(চ) আবেদনপত্রের সাথে ১০ (দশ) টাকা মূল্যের ডাক টিকেট সহ নিজ ঠিকানা সম্বলিত ৯ "x৪" সাইজের একটি অব্যবহৃত খাম সংযুক্ত করতে হবে।
- খামের উপর অবশ্যই স্পষ্টভাবে প্রার্থীর জেলা ও পদের নাম উল্লেখ করতে হবে।
- শূন্য পদ পূরণে ভোলা জেলার প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- সরকার নির্ধারিত বিশেষ করে কোটার (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি এবং মহিলা) চাকুরী প্রার্থীকে ঐ কোটার চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। প্রবেশপত্র প্রেরণের মাধ্যমে পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র সম্পর্কে জানানো হবে।
- আবেদনপত্র বাছাই করে শুধুমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষার জন্য আহবান করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় বিজ্ঞপ্তি পরিবর্তন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি/বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



মোহাম্মদ শহীদুল্লাহ

উপসচিব (উঃ ১)

ফোনঃ ২২৩৩৮৯৭৭৪